

Times Today BD

স্পোর্টস ডেস্ক | খেলা | 01 June, 2025

পাকিস্তানের কাছে প্রথম দুই ম্যাচেই হার, দুটিই অত্যন্ত বাজেভাবে। দুই ম্যাচেই ২০২ রানের লক্ষ্য পেয়েছিলো বাংলাদেশ, প্রথম ম্যাচে ১৬৪ ও দ্বিতীয় ম্যাচে ১৪৪ রানে গুটিয়ে যায় টাইগারদের ইনিংস। আজ সামনে দাঁড়িয়ে হোয়াইটওয়াশের শঙ্কা, লিটন দাসের নেতৃত্বাধীন দল কি সেটা এড়াতে পারবে?

লাহোরে আজ ম্যাচ শুরু হবে বাংলাদেশ সময় রাত ৯টায়।

পাকিস্তান থেকে অন্তত একটা সাত্বনার জয় চায় বাংলাদেশ। শেষ ম্যাচে হোয়াইটওয়াশ এড়াতে পারলে প্রথমবারের মতো পাকিস্তানে টি-টোয়েন্টি জয়ের স্বাদ পাবে লাল সবুজের প্রতিনিধিরা। পাকিস্তানে ৫ টি-টোয়েন্টি খেলে পাঁচটাতেই হেরেছে বাংলাদেশ। করোনার কারণে ২০২০ সালে একটা ম্যাচ হয় পরিত্যক্ত।

তৃতীয় ম্যাচের আগে চোটে ছিটকে গেছেন শরিফুল ইসলাম। মাত্র ১৪ জনের স্কোয়াডে তাই খুব বেশি পরিবর্তনের সুযোগ নেই। অভিষেক ঘটতে পারে খালেদ আহমেদের। রিশাদ হোসেনকে বসিয়ে তানভীর ইসলামকে সুযোগ দেওয়ার সম্ভাবনা বেশি। আবার ফিরতে পারেন সহঅধিনায়ক শেখ মেহেদী।

মূল চিন্তাটা ব্যাটিং অর্ডারকে ঘিরে। দুই-একটা ক্যামিও বাদ দিলে পাকিস্তানে চূড়ান্ত ব্যর্থ টাইগারদের টপঅর্ডার। ভুগতে হচ্ছে পাকিস্তানের দ্বিতীয় সারির পেসারদের সামনে। হোয়াইট ওয়াশ এড়ানোর ম্যাচে ফেরানো হতে পারে নাজমুল হোসেন শান্তকে। যদিও সাবেক অধিনায়ককে ব্যাটিং অর্ডারের কোন জায়গায় খেলানো হবে, তা নিয়ে দ্বিধায় পড়তে হবে টিম ম্যানেজমেন্টকে। চিন্তার কারণ হৃদয়-জাকের কিংবা মিডল অর্ডারের আরেক ব্যাটার শামীম পাটোয়ারির ফর্ম। চলতি সিরিজে টি-টোয়েন্টি ক্রিকেটটাই খেলতে পারছেন না এই ব্যাটাররা।

পিএসএল ফাইনালসহ লাহোরে হওয়া শেষ ৩ টি-টোয়েন্টিতে আধিপত্য ছিলো ব্যাটারদের। এক্ষেত্রে লিটন চাইবেন, টানা ৫ ম্যাচ পর টস ভাগ্য যেন পক্ষে আসে। রান চেজের গ্যারাকল এড়িয়ে আগে ব্যাটিং করলে হয়তো হোয়াইটওয়াশ এড়ানোর কাজটা করে দেখাতে পারে খাদের কিনারায় দাঁড়িয়ে থাকা টিম বাংলাদেশ।

বাংলাদেশ

